**জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২৫ বাস্তবায়নে উপজেলা কমিটির কার্যবিবরণীঃ**

সভাপতি: জনাব অরূপ রতন সিংহ
উপজেলা নির্বাহী অফিসার,
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,দোয়ারাবাজার,সুনামগঞ্জ ।

সভার তারিখ: ১৫/০৭/২০২৫ খ্রি: সময়: ১১.০০ ঘটিকায়

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-"ক"**

সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ সভাকে জানান যে, মহাপরিচালক,মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ রমনা, ঢাকা এর স্মারক নং-৩৩.০২.০০০০.১২০.০২.০৪০.২৫.৫৩৭, তারিখ: ০৯/০৭/২০২৫ খ্রি: মোতাবেক সারাদেশে ২২ জুলাই ২০২৫ খ্রি: হতে ২৮ জুলাই ২০২৫ খ্রি: পর্যন্ত **"জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫"** উদযাপিত হতে যাচ্ছে। এবারের জাতীয় মৎস্য সপ্তাহ এর প্রতিপাদ্য বিষয়

**"অভয়াশ্রম গড়ে তুলি**
**দেশি মাছে দেশ ভরি"**

উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, **"জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫"** সফলভাবে বাস্তবায়নের জন্য কেন্দ্রের প্রেরিত কর্মসূচির সাথে মিল রেখে ০৭ (সাত) দিনের কর্মসূচি ও পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে ০৭ (সাত) দিনের কর্মসূচি প্রণয়ন করা হয় এবং সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উপলক্ষে উপজেলা কমিটি কর্তৃক গৃহীত কর্মসূচি**

| দিন | তারিখ ও বার | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| প্রথম দিন | ২২-০৭-২০২৫ খ্রি: মঙ্গলবার | ব্যানার,ফেস্টুন সহযোগে সড়ক র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা<br>নির্বাচিত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ<br>স্থানীয় পর্যায়ে সফল মৎস্যচাষী/ব্যক্তি উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান । | উপজেলার গুরুত্বপূর্ণ স্থান ও সম্মেলন কক্ষ, সদর ইউনিয়ন ভূমি অফিসের পুকুর। | ১.উপজেলা নির্বাহীঅফিসার<br>২. উপজেলা মৎস্য অফিসার |
| দ্বিতীয় দিন | ২৩-০৭-২০২৫খ্রি: বুধবার | মৎস্যচাষি,জেলে এবং মৎস্যজীবীগণের সমন্বয়ে উপজেলার মৎস্য সম্পদের স্থায়ীত্বশীল এবংসর্বোত্তম ব্যবহার বিষয়ক মতবিনিময় সভা | উপজেলা পরিষদ মিলনায়তন | ১.উপজেলা নির্বাহীঅফিসার<br>২.উপজেলা মৎস্য অফিসার |
| তৃতীয় দিন | ২৪-০৭-২০২৫ খ্রি: বৃহস্পতিবার | জনবহুল স্থানে প্রামাণ্যচিত্র প্রদর্শন | শরীফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়,সুরমা | ১.উপজেলা মৎস্য অফিসার |
| চতুর্থ দিন | ২৫-০৭-২০২৫ খ্রি: শুক্রবার | পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক গুণাগুণপরীক্ষা ও নিরাপদ মৎস্য উৎপাদনবিষয়ক ক্যাম্পেইন | দোহালিয়া ও পান্ডারগাঁও ইউনিয়ন | ১.উপজেলা মৎস্য অফিসার |
| পঞ্চম দিন | ২৬-০৭-২০২৫ খ্রি: শনিবার | "মৎস্য খাতে টেকসই উন্নয়নে তরুণদের ভাবনা"শীর্ষক মতবিনিময় | সোনারতরী যুব সংঘ আমবাড়ী বাজার | ১.উপজেলা মৎস্য অফিসার |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ষষ্ঠ দিন | ২৭-০৭-২০২৫ খ্রি: রবিবার | স্কুল/কলেজে রচনা/কুইজ প্রতিযোগিতা | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | ১.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২.উপজেলা মৎস্য অফিসার |
| সপ্তম দিন | ২৮-০৭-২০২৫ খ্রি: সোমবার | জাতীয় মৎস্য সপ্তাহের মুল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | ১.উপজেলা নির্বাহীঅফিসার<br>২. উপজেলা মৎস্য অফিসার |

উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, উপজেলা পর্যায়ে **"জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫"** এ পুরস্কার প্রদান করার নির্দেশনা রয়েছে। এবার ০৩ (তিন) ক্যাটাগরিতে উপজেলায় ০৩ (তিন) জনকে পুরস্কার প্রদান করা হবে। সভায় সর্বসম্মতিক্রমে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | মৎস্যচাষীদের নাম,ঠিকানা ও মোবাইল নং | পুরস্কারের ক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মো. মনির হোসেন<br>পিতা: মো. খোরশেদ আলম<br>গ্রাম: রণভূমি,ডাকঘর: লক্ষীপুর<br>দোয়ারাবাজার,সুনামগঞ্জ।<br>মোবা: ০১৭১৯-১৭৫১০৮ | তেলাপিয়া চাষ | |
| ০২ | মো.রফিকুল ইসলাম<br>পিতা: মৃত মো.হছন উদ্দিন<br>গ্রাম: পশ্চিম মাঠগাঁও,ডাকঘর: লক্ষীপুর,<br>দোয়ারাবাজার,সুনামগঞ্জ।<br>মোবা: ০১৭৪৬-২২৫৪১৪ | কার্প মিশ্রচাষ | |
| ০৩ | মো.মহিউদ্দিন<br>পিতা: মো. আব্দুল মছব্বির<br>গ্রাম:জঙ্গালশ্রী,দোহালিয়া,<br>দোয়ারাবাজার,সুনামগঞ্জ।<br>মোবা: ০১৭১৬-৪৬৮৯৭৬ | পোনা উৎপাদনকারী (নার্সারার) | |

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

15.07.2025

অরুপ রতন সিংহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
" জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫"উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটি
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

CamScanner